If you need the information in this leaflet in another language or in a special format, such as braille, large print or audio-cassette, please contact us at the address below.

ਇਹ ਪ੍ਰਕਾਸ਼ਨ ਵਿਸ਼ੇਸ਼ ਵਿਦਿਅਕ ਜ਼ਰੂਰਤਾਂ ਵਾਲੇ ਬੱਚਿਆਂ ਦੇ ਮਾਪਿਆਂ ਨੂੰ ਜਾਣਕਾਰੀ ਦਿੰਦਾ ਹੈ। ਇਹ ਮਾਪੇ ਸਾਂਝੀਦਾਰੀ ਸੇਵਾ ਵਲੋਂ ਪ੍ਰਸਤੁਤ ਕੀਤਾ ਜਾਂਦਾ ਹੈ। ਇਹ ਸੇਵਾ ਮਾਪਿਆਂ ਨੂੰ ਗੁਪਤ ਅਤੇ ਨਿਰਪੱਖ ਸਹਾਇਤਾ ਮੁਹੱਈਆ ਕਰਦੀ ਹੈ। ਜੇਕਰ ਤੁਹਾਨੂੰ ਇਸ ਜਾਣਕਾਰੀ ਜਾਂ ਸਲਾਹ ਦੀ ਤੁਹਾਡੀ ਆਪਣੀ ਭਾਸ਼ਾ ਵਿੱਚ ਲੋੜ ਹੈ, ਤਾਂ ਸਾਡੇ ਨਾਲ ਹੇਠ ਦਿੱਤੇ ਪਤੇ ਤੇ ਸੰਪਰਕ ਕਰੋ।

Ky botim jep të dhëna për prindërit që kanë fëmijë me nevoja të veçanta mësimore. Është përgatitur nga Shërbimi i Partneritetit të Prindërve (Parent Partnership Service). Ky shërbim i ofron prindërve përkrahje të besueshme dhe të paanëshme. Nëse këto të dhëna ose këshilla ju nevojiten në gjuhën amtare, ju lutemi të na kontaktoni në adresën e mëposhtme.

એ પ્રકાશન વિશેષ શૈક્ષણિક જરૂરિયાતો ધરાવતા બાળકોના વાલીઓને માહિતી આપે છે. એ પેરેન્ટ પાર્ટનરશિપ સર્વિસ દ્વારા બનાવવામાં આવ્યું છે. આ સેવા વાલીઓને ખાનગી અને તટસ્થ ટેકો આપે છે. જો તમને આ માહિતી કે સલાહ તમારી ભાષામાં જોઈતી હોય, તો કૃપા કરીને નીચે આપેલા સરનામા પર અમને સંપર્ક કરો.

Niniejsza publikacja zawiera informacje kierowane do rodziców dzieci o specjalnych potrzebach edukacyjnych. Została przygotowana przez serwis partnerstwa rodziców. Oferuje on poufną oraz bezstronną pomoc dla rodziców. Jeżeli potrzebujesz informacji lub porady we własnym języku, prosimy o skontaktowanie się z nami pod adresem podanym poniżej.

এই প্রকাশন বিশেষ শিক্ষার আবশ্যক হওয়া শিশুদের পিতা মাতাদেরকে তথ্য প্রদান করে। পিতা-মাতা অংশীদার সেবা এইটি প্রকাশ করে। এই সেবা পিতা-মাতাদেরকে গোপন এবং পক্ষপাতশূন্য সমর্থন প্রদান করে। যদি আপনাকে নিজের ভাষায় এই তথ্য অথবা উপদেশের আবশ্যক, অনুগ্রহ করে নিচের ঠিকানায় আমাদেরকে যোগাযোগ করুন।

Questa pubblicazione informativa è rivolta ai genitori di bambini con necessità educative speciali. Essa è prodotta dal Parent Partnership Service, ente che offre sostegno ai genitori ispirandosi a criteri di riservatezza e imparzialità. Se desiderate ricevere informazioni o consigli nella vostra lingua, potete contattarci all'indirizzo sottostante.

یہ اشاعت خصوصی تعلیمی ضرورت والے بچوں کے والدین کو معلومات فراہم کرتا ہے- اسے پیرنٹ پارٹنرشپ سروس نے تیار کیا ہے- یہ خدمت والدین کورازدارانہ اور غیر جانبدارانہ تعاون فراہم کرتا ہے- اگر آپ کو یہ معلومات یا مشورے آپ کی اپنی زبان میں درکار ہوں تو، برائے مہربانی ہم سے ذیل کے پتے پر رابطہ کریں-

Cette publication offre des informations aux parents d'enfants qui ont des besoins particuliers en matière d'éducation. Elle est publiée par le Parent Partnership Service. Ce service offre un soutien confidentiel et impartial aux parents. Si vous souhaitez recevoir ces informations ou des conseils dans votre propre langue, veuillez nous contacter à l'adresse reprise ci-après.

The Parent Partnership Service
Westfield Middle School
Queens Park
Bedford
MK40 4HW
টেলি: (01234) 316353
ফ্যাক্স: (01234) 316352
ইমেল: parent.partnership@bedscc.gov.uk
ওয়েবসাইট: www.bedfordshire.gov.uk/parentp

PPL6—Bengali ক্রিয়েটিভ সার্ভিসেস, কান্ট্রি হল দ্বারা পরিকল্পিত ও প্রস্তুতকৃত, 2006

পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস

পুস্তিকা সংখ্যা 6

আপনি যদি

আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদার

জন্যে

ব্যবস্থাগুলি

সম্বন্ধে খুশি না হন



আপনাকে ছবিতে নিয়ে আসছে

Bedfordshire county council

1



স্কুল ও লোকাল অথরিটি আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলির জন্যে যে ব্যবস্থাগুলি করে আপনি যদি সেই বিষয়ে খুশি না হন তাহলে আপনি কি করতে পারেন তা এই পুস্তিকায় বলা হয়েছে।

সূচনা

আপনার কোন চিন্তা দেখা দেওয়ামাত্র সর্বদা সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন এবং আপনার সন্তানের সম্বন্ধে সকল সভায় যেতে চেষ্টা করুন। আপনি চাইলে নৈতিক সমর্থনের জন্য এবং কি বলা হয়েছে তা মনে রাখতে সাহায্যের জন্যে কাউকে সাথে করে নিয়ে যেতে পারেন।

আপনি যদি মনে করেন যে কেউ আপনার কথা শুনছে না অথবা স্কুল যে সহায়তা দিচ্ছে বা দেওয়ার পরিকল্পনা করছে আপনি যদি তার সাথে সম্মত না হন তাহলে আপনি বেশ কয়েকটি কাজ করতে পারেন, যা সহায়ক হতে পারে।

আপনি এইগুলি করতে পারেন:

- আপনার ও আপনার সন্তানের সাথে জড়িত পেশাদার ব্যক্তিদের সাথে সাক্ষাত করুন ও কথা বলুন
- আপনার সন্তানের কোন ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা আছে কিনা সে বিষয়ে স্কুলের কাছে জানতে চান (''স্কুল অ্যাকশন ও স্কুল অ্যাকশন প্লাস'' পুস্তিকায় দেখুন);
- আপনার কাছে আপনার সন্তান সম্বন্ধে যে সকল তথ্য আছে তা স্কুলের সাথে এবং সন্তানের শিক্ষার সাথে জড়িত সকল পেশাদার ব্যক্তিদের সাথে ভাগাভাগি করুন।

এই পুস্তিকার সারির অলঙ্করণগুলি ওয়েস্টফিল্ড মিড্‌ল স্কুল, বেডফোর্ড-এর শিশুরা এঁকেছে।

আপনি কি করতে পারেন

- ভালোভাবে অবহিত থাকুন - আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদা সম্বন্ধে যত বেশি সম্ভব জানুন, বিশেষ শিক্ষাগত চাহিদা নীতি, হয়রানি সংক্রান্ত নীতি এবং আচরণগত নীতি দেখতে চান (এইগুলি ফটোকপি করার জন্যে স্কুল আপনাকে মূল্য দিতে বলতে পারে)।
- সভা, টেলিফোন কল, চিঠি এবং রিপোর্টের নিজস্ব নথি একটি ফোল্ডারে রাখুন।
- আপনার সন্তানের মূল্যায়ন করা হলে লোকাল অথরিটিতে আপনার নেম্‌ড অফিসারের সাথে যোগাযোগ রক্ষা করুন।
- পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসের কাছে সেই সমস্ত স্বেচ্ছাসেবী দলের বিষয়ে জানতে চান যারা আপনাকে সাহায্য করতে পারে;
- যেক্ষেত্রে উপযুক্ত হবে সেখানে মধ্যস্থতা ব্যবহার করুন এবং/অথবা ট্রিবিউনালে যান।

আপনার কোন উদ্বেগ থাকলে প্রথম সুযোগেই সেই বিষয়গুলি নিয়ে আলোচনা করা জরুরি। আপনার মতামত সম্বন্ধে আপনার সন্তানের স্কুলকে জানাতে হবে যাতে আপনারা একসাথে যত শীঘ্র সম্ভব যে কোন সমস্যার সমাধানের চেষ্টা করতে পারেন।

আপনি এদের সাথে কথা বলতে পারেন:

- আপনার সন্তানের শ্রেণী শিক্ষক, ফর্ম টিউটর বা হেড অফ ইয়ার;
- বিশেষ শিক্ষাগত চাহিদা সমন্বয়কারী (SENCo);
- প্রধানশিক্ষক;
- বিশেষ শিক্ষাগত চাহিদার জন্যে দায়ী গভর্নর।

3

আপনি কাদের সাথে কথা বলতে পারেন

সন্তানের বিষয়ে আপনার কোন উদ্বেগ থাকলে, কখনও কখনও আপনার মতামত প্রকাশ করা কঠিন হয়। আপনি কাউকে অনুরোধ করতে পারেন আপনাকে সমর্থন দেওয়ার জন্যে। আপনার এমন অনুভূতি হতে পারে যে আপনি একই সমস্যাসম্পন্ন কোন ব্যক্তির সাথে কথা বলতে চান।

বেডফোর্ডশায়ার পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসে আমরা বিশেষ শিক্ষাগত চাহিদাসম্পন্ন শিশুদের বাবামা ও তত্ত্বাবধায়কদের জন্যে বিনামূল্যে গোপনীয় ও পক্ষপাতশূন্য সহায়তা পরিষেবা প্রদান করি। আমরা সতর্কতা সহকারে আপনার উদ্বেগের কথা শুনি এবং আপনার দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে আপনাকে ভাবতে সাহায্য করি। আমরা স্কুল ও লোকাল অথরিটির সাথে সভাতেও পরামর্শ ও সহায়তা দিতে পারি।

আমরা আপনার সহায়তার জন্যে একজন স্বেচ্ছাসেবী নিরপেক্ষ অভিভাবকীয় সহায়ক প্রদান করতে পারি।

অভিভাবকীয় সহায়তা দল বা স্বেচ্ছাসেবী সংস্থা

আমাদের কাছে স্থানীয় সহায়তা দলের বিবরণ আছে যারা আপনাকে আপনার উদ্বেগ ও দুশ্চিন্তার বিষয়ে সহায়তা করতে পারে। আমাদের কাছে জাতীয় সহায়তা দলের বিবরণও আছে এবং আমরা আপনাকে টেলিফোন নম্বর ও ওয়েব সাইটের ঠিকানাগুলো দিতে পারি।

আমাদের টেলিফোন নম্বর হল 01234 316353

চিল্ডরেন্‌স ইনফর্মেশন সার্ভিস (শিশুদের তথ্য পরিষেবা)

চিল্ডরেন্‌স ইনফর্মেশন সার্ভিসও আপনাকে স্বেচ্ছাসেবী সংস্থাগুলি সম্বন্ধে তথ্য প্রদান করতে পারে, এছাড়া শিশুসেবা, নার্সারি, প্লেগ্রুপ, স্কুল বহির্ভূত যত্ন এবং ছুটির দিনের খেলার যোজনাগুলির বিশদ বিবরণও দিতে পারে।

আপনি 01234 228229 নম্বরে তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

মধ্যস্থতা ও আবেদন

4

মধ্যস্থতা পরিষেবা লোকাল অথরিটির থেকে স্বাধীন। যদি কোন অভিভাবক এবং লোকাল অথরিটি বা স্কুল কোন শিশুর বিশেষ শিক্ষাগত চাহিদাগুলির বিষয়ে সম্মত না হতে পারেন তাহলে সমাধান খোঁজায় সহায়তার জন্যে এটি একজন নিরপেক্ষ ব্যক্তিকে এর সাথে জড়িত হওয়ার সুযোগ প্রদান করে। তারা জড়িত সকল ব্যক্তির সাথে কথা বলতে পারেন এবং একটি সভা আয়োজন করতে পারেন যেখানে সকলের মতামত শোনা যেতে পারে।

বেডফোর্ডশায়ার কাউন্টি কাউন্সিল যে মধ্যস্থতা পরিষেবা প্রদান করে আপনি লোকাল অথরিটিকে 01234 228762 নম্বরে ফোন করে বা পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসে 01234 316353 নম্বরে ফোন করে তার বিস্তারিত বিবরণ পেতে পারেন।

বিশেষ শিক্ষাগত চাহিদা ট্রিবিউনাল (SENDIST) একটি নিরপেক্ষ সংস্থা এবং অভিভাবকরা লোকাল অথরিটির সাথে অসম্মত হলে তারা অভিভাবকদের আবেদন বিবেচনা করেন।

এটি মধ্যস্থতার থেকে যথেষ্ট আলাদা এবং অভিভাবক/তত্ত্বাবধায়করা ট্রিবিউনালে আবেদন করার পাশাপাশি মধ্যস্থতার জন্যেও অনুরোধ করতে পারেন।

আপনি ট্রিবিউনালে আবেদন করতে পারেন যদি লোকাল অথরিটি:

- আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলির বিধিবদ্ধ মূল্যায়ন করতে অস্বীকার করে, যদি না আগের 6 মাসে একটি মূল্যায়ন করা হয়ে থাকে; অথবা
- বিধিবদ্ধ মূল্যায়নের পরে বিবৃতি জারি করতে অস্বীকার করে।

লোকাল অথরিটি যদি আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলির একটি বিবৃতি তৈরি করে থাকে অথবা আগের বিবৃতিটি পরিবর্তন করে থাকে তাহলে আপনি এইগুলির বিরুদ্ধে আবেদন করতে পারেন:

- আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদাগুলির বিবৃতির ভাগ 2-এর বর্ণনা।
- আপনার সন্তানের যে বিশেষ শিক্ষাগত সহায়তাগুলি পাওয়া উচিত বলে লোকাল অথরিটি মনে করে তার বিবৃতির ভাগ 3-এর বর্ণনা।.
- বিবৃতির ভাগ 4-এ যে স্কুলের নাম উল্লিখিত হয়েছে।
- বিবৃতির ভাগ 4-এ লোকাল অথরিটির কোন স্কুলের নাম উল্লেখ না করা।

5 আপনি কখন আবেদন করতে পারেন

লোকাল অথরিটি এইগুলি করলেও আপনি আবেদন করতে পারেন:

- ভাগ 4-এ উল্লিখিত স্কুলের নাম পরিবর্তন করতে অস্বীকার করে, যদি বিবৃতিটি কমপক্ষে এক বছরের পুরানো হয় (তবে আপনি শুধু সেই স্কুলের জন্যেই অনুরোধ করতে পারেন যা লোকাল অথরিটির থেকে অর্থানুদান পায়, যাকে কখনও কখনও রক্ষণাবেক্ষণ করা স্কুল বলা হয়);
- আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করতে অস্বীকার করে যদি তারা গত 6 মাসে তা না করে থাকে;
- আপনার সন্তানের বিবৃতিটি বজায় না রাখার (বাতিল করার) সিদ্ধান্ত নেয়;
- আপনার সন্তানের পুনর্মূল্যায়ন করার পরে বিবৃতিটি পরিবর্তন না করার সিদ্ধান্ত নেয়।

আপনার যদি বিবৃতির কোন অংশ বুঝতে অসুবিধা হয় তাহলে আপনি গোপনরূপে আমাদের সাথে পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসে কথা বলতে পারেন, 01234 316353 টেলিফোন নম্বরে।

এইগুলিই একমাত্র কারণ যার জন্যে আপনি ট্রিবিউনালে আবেদন করতে পারেন।

আপনি নিচের কোন কারণে ট্রিবিউনালে আবেদন করতে পারবেন না:

- আপনি কমপক্ষে এক বছরের পুরাতন বিবৃতির পরিবর্তনের জন্যে অনুরোধ করার সময়ে লোকাল অথরিটি যদি কোন স্বাধীন বা নন-মেইন্টেন্ড স্কুলকে নামাঙ্কিত করতে অস্বীকার করে।
- লোকাল অথরিটি যে উপায়ে মূল্যায়ন সম্পন্ন করেছিল অথবা যে পরিমাণ সময় নিয়েছিল আপনি যদি সে বিষয়ে খুশি না হন।
- আপনার সন্তানের বিবৃতিতে নির্ধারিত সহায়তার জন্যে লোকাল অথরিটি যেভাবে বন্দোবস্ত করছে আপনি যদি সে বিষয়ে খুশি না হন।
- স্কুল যেভাবে আপনার সন্তানের চাহিদাগুলি পূরণ করছে আপনি যদি সে বিষয়ে খুশি না হন।
- আপনার সন্তানের অ-শিক্ষাগত চাহিদার বিবৃতির বর্ণনার সাথে বা সেগুলি কিভাবে পূরণ করা হবে সে বিষয়ে আপনি যদি অসম্মত হন।

আপনি কখন আবেদন করতে পারেন

আবেদন করার জন্যে কঠোর সময়সীমা আছে। লোকাল অথরিটি আপনাকে তাদের সিদ্ধান্ত জানাবার পরে ৪ সপ্তাহের ভিতরে আপনাকে ট্রিবিউনালে আবেদন করতে হবে। যেক্ষেত্রে সম্ভব সেখানে সম্মতিতে পৌঁছাবার চেষ্টা করার জন্যে আপনার নেম্‌ড অফিসারের সাথে আলোচনা চালিয়ে জান।

আপনি যদি অগ্রসর হতে চান এবং আবেদন করতে চান, এবং সেটা কিভাবে করতে হবে সে বিষয়ে বিশদে জানতে চান তাহলে অনুগ্রহ করে এখানে যোগাযোগ করুন:

দ্য লোকাল অথরিটি – 01234 228762

অথবা

দ্য পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস – 01234 316353

স্পেশাল এডুকেশনাল নিড্‌স অ্যান্ড ডিজ্‌এবিলিটি ট্রিবিউনাল (SENDIST)
Ground Floor
Mowden Hall
Staindrop Road
Darlington DL3 9BG
টেলিফোন: 0870 241 2555 (সকাল 9 টা - বিকাল 5 টা))
ওয়েবসাইট: www.sendist.gov.uk